

- ২১। আবাসিক শিক্ষক কর্তৃক নির্দিষ্ট সময়ে আবাসিক ছাত্রীদের উপস্থিতি নেয়া হবে এবং সে সময় ছাত্রীদের নিজ নিজ কক্ষে উপস্থিত থাকতে হবে। উপস্থিতি নেয়ার সময় অনুপস্থিত ছাত্রীদের আবাসিক শিক্ষকের পূর্বানুমতি না নিয়ে থাকলে তিনি এ সম্পর্কে সংশ্লিষ্ট ছাত্রীর কাছে কৈফিয়ত তলব করবেন।
- ২২। আবাসিক হলের অভ্যন্তরে সংঘটিত অনাকাঙ্ক্ষিত ঘটনায় কোন ছাত্রী অপর কোন ছাত্রীর বিরুদ্ধে লিখিত অভিযোগ আনলে, প্রভোস্ট কর্তৃক আবাসিক/সহকারী আবাসিক শিক্ষকদের সমন্বয়ে গঠিত একটি কমিটি তা তদন্ত করে দেখবেন এবং সংশ্লিষ্ট বিধি মোতাবেক কমিটির সুপারিশ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। অভিযুক্ত ছাত্রীর কাছ থেকে আত্মপক্ষ সমর্থনে লিখিত বক্তব্য গ্রহণ করা হবে। প্রয়োজনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে অভিভাবক ও পুলিশ প্রশাসনকে জানানো হবে।
- ২৩। হলে শান্তিশৃঙ্খলা রক্ষার জন্য সাধারণ ক্ষেত্রে প্রত্যেক ফ্লোরে একজন আবাসিক শিক্ষক অবস্থান করবেন।
- ২৪। প্রভোস্ট হলসমূহের ভিতরে প্রতিটি ছাত্রীর সার্বক্ষণিক শৃঙ্খলাপূর্ণ ও শোভন আচার-আচরণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
- ২৫। প্রভোস্ট হল পরিচালনার স্বার্থে প্রয়োজন অনুযায়ী কমিটি গঠন করতে পারবেন।
- ২৬। আবাসিক ছাত্রী রাষ্ট্র/সমাজ বিরোধী কোন কর্মকাণ্ডে জড়িত থাকতে পারবে না। কোন ছাত্রী হলের ভিতরে রড/লাঠি-সোটা/অস্ত্র/আগ্নেয়াস্ত্র ইত্যাদি নিয়ে প্রবেশ/অবস্থান করতে পারবে না। কোন ছাত্রী যদি ইচ্ছাকৃতভাবে হলের সম্পদের ধ্বংসসাধন করে ও কোন ছাত্রী যদি ইচ্ছাকৃতভাবে সাইকেল ও অন্যান্য যানবাহন পার্কিং নিয়মাবলি যথাযথভাবে পালন না করে এবং হলে অবস্থানরত কোন ছাত্রীর বিরুদ্ধে কোন অভিযোগ উত্থাপিত হলে যথাযথ তদন্ত সাপেক্ষে অভ্যন্তরে শৃঙ্খলাভঙ্গ বা অশালীন আচরণের জন্য উক্ত ছাত্রীকে শাস্তি/জরিমানা করবার ক্ষমতা প্রভোস্টের থাকবে।
- ২৭। যদি প্রভোস্ট অভিযুক্তদের অধিকতর শাস্তিযোগ্য বলে মনে করে থাকে তবে অতিরিক্ত শাস্তির জন্য তদন্ত সাপেক্ষে প্রভোস্ট শৃঙ্খলাবোর্ডের কাছে রিপোর্ট পেশ করবেন। শৃঙ্খলা বোর্ড প্রয়োজনে অভিযুক্তদের বিরুদ্ধে অন্যান্য যে কোনো প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।
- ২৮। বিশেষ প্রয়োজনে ছাত্রীর অনুপস্থিতিতে হল প্রভোস্ট আবাসিক শিক্ষক ও প্রক্টরের অথবা সহকারী প্রক্টরের উপস্থিতিতে ছাত্রীর কক্ষে প্রবেশ বা প্রয়োজনে তালা ভাঙতে পারবেন।
- ২৯। শাস্তি : (ক) সতর্কীকরণ (লিখিত মুচলেকা গ্রহণ সাপেক্ষে);
(খ) হলের বরাদ্দকৃত সিট বাতিল বা অর্থ দণ্ড সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা বা উভয়বিধ দণ্ড।
- ৩০। এই বিধিমালার সাথে অসংলগ্ন অথবা অনুল্লিখিত বা অসম্পূর্ণ কোন বিষয়সমূহের ক্ষেত্রে কোন সমস্যা/প্রশ্ন উত্থাপিত হলে তা বিশ্ববিদ্যালয়ের সিডিকেটের অনুমোদন সাপেক্ষে ভাইস-চ্যান্সেলর এর সিদ্ধান্ত অনুযায়ী নিষ্পত্তিযোগ্য বলে বিবেচিত হবে।

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, আমার কন্যা/রক্ষনাধীনা হলে অবস্থানকালে উপরোক্ত নিয়মাবলী মানিয়া চলার ব্যাপারে আপনাদের সহিত সর্বাত্মক সহযোগিতা দেব।

অভিভাবকের স্বাক্ষর

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, হলে থাকাকালীন অবস্থায় হলের উপরোক্ত নিয়মাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিব।

ছাত্রীর স্বাক্ষর